কারেন্ট অ্যাফেয়ার্স – মে ২০২৬

ওয়ান-লাইনার প্রশ্ন ও উত্তর (মোট ৭০টি)

সরকারি চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনাবলি থেকে নিয়মিত প্রশ্ন আসে। মে ২০২৬-এর গুরুত্বপূর্ণ ঘটনাগুলি সহজ ভাষায় প্রশ্নোত্তর আকারে দেওয়া হলো।

---

১. পশ্চিমবঙ্গ

---

১. ২০২৬ সালের পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে কোন দল জয়ী হয়েছে?
উত্তর: ভারতীয় জনতা পার্টি (বিজেপি)।

২. পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি মুখ্যমন্ত্রী কে?
উত্তর: শুভেন্দু অধিকারী।

৩. শুভেন্দু অধিকারী কবে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন?
উত্তর: ৯ মে ২০২৬।

৪. শপথগ্রহণ অনুষ্ঠান কোথায় হয়েছিল?
উত্তর: কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে।

৫. ২০২৬-এর নির্বাচনে ২৯৪টি আসনের মধ্যে বিজেপি কয়টি আসন পেয়েছে?
উত্তর: ২০৭টি।

৬. ২০২৬-এর ফলাফলের আগে তৃণমূল কংগ্রেস কত বছর রাজ্যের ক্ষমতায় ছিল?
উত্তর: ১৫ বছর (২০১১ থেকে)।

৭. নতুন সরকারের প্রথম মন্ত্রিসভার বৈঠক কবে এবং কোথায় হয়?
উত্তর: ১১ মে ২০২৬, কলকাতার নবান্নে।

৮. প্রথম মন্ত্রিসভার বৈঠকে বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়ার জন্য বিএসএফকে কত একর জমি দেওয়ার সিদ্ধান্ত হয়?
উত্তর: ৬০০ একর (৪৫ দিনের মধ্যে)।

৯. 'অন্নপূর্ণার ভান্ডার' প্রকল্পে মহিলাদের জন্য প্রস্তাবিত মাসিক আর্থিক সহায়তা কত?
উত্তর: ৩,০০০ টাকা।

১০. 'অন্নপূর্ণার ভান্ডার' কোন পূর্ববর্তী প্রকল্পের জায়গা নিচ্ছে?
উত্তর: লক্ষ্মীর ভান্ডার।

১১. নিয়োগ-দুর্নীতির কারণে সুযোগ হারানো প্রার্থীদের জন্য প্রথম মন্ত্রিসভায় কত বছর বয়সে ছাড় ঘোষণা হয়?
উত্তর: ৫ বছর।

Poly Notes Hub

১২. কোন কেন্দ্রীয় স্বাস্থ্যবিমা প্রকল্প রাজ্যে অবিলম্বে চালুর সিদ্ধান্ত হয়?

উত্তর: আয়ুষ্মান ভারত।

২. অন্যান্য রাজ্যের নির্বাচন ও মুখ্যমন্ত্রী

১৩. তামিলনাড়ুর নতুন মুখ্যমন্ত্রী কে?

উত্তর: সি. জোসেফ বিজয় (টিভিকে প্রধান)।

১৪. টিভিকে (TVK)-এর পূর্ণরূপ কী?

উত্তর: তামিলগা ভেট্রি কজগম।

১৫. বিজয় কবে তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন?

উত্তর: ১০ মে ২০২৬।

১৬. কেরলের নতুন মুখ্যমন্ত্রী কে?

উত্তর: ভি. ডি. সতীশন (কংগ্রেস)।

১৭. কেরলে ১০ বছর পর কোন জোট ক্ষমতায় ফিরেছে এবং সতীশন কবে শপথ নেন?

উত্তর: ইউডিএফ (কংগ্রেস-নেতৃত্বাধীন); ১৮ মে ২০২৬।

১৮. অসমে দ্বিতীয়বার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন কে?

উত্তর: হিমন্ত বিশ্ব শর্মা (১২ মে ২০২৬)।

১৯. ২৭ মে ২০২৬ অসম বিধানসভা কোন বিল পাস করে এবং রাজ্যটি কততম হিসেবে তা পাস করল?

উত্তর: অভিন্ন দেওয়ানি বিধি (ইউসিসি) বিল ২০২৬; তৃতীয় রাজ্য।

২০. ২০২৬ সালে পুদুচেরিতে এনডিএ জোটের মুখ্যমন্ত্রী কে?

উত্তর: এন. রঙ্গাসামি (এআইএনআরসি)।

৩. জাতীয় বিষয়: বিচার, প্রতিরক্ষা, অর্থনীতি ও সরকারি প্রকল্প

২১. ২৭ মে ২০২৬ সুপ্রিম কোর্ট কোন প্রক্রিয়ার বৈধতা বহাল রাখে?

উত্তর: নির্বাচন কমিশনের ভোটার তালিকার 'বিশেষ নিবিড় সংশোধন' (SIR)।

২২. ভোটার তালিকার SIR মামলার রায় কে ঘোষণা করেন?

উত্তর: প্রধান বিচারপতি সূর্য কান্ত।

২৩. ভারতের নতুন প্রধান প্রতিরক্ষা প্রধান (CDS) কে?

উত্তর: লেফটেন্যান্ট জেনারেল এন. এস. রাজা সুব্রমণি (অব.)।

২৪. বিদায়ী CDS কে ছিলেন, যাঁর মেয়াদ ৩০ মে ২০২৬ শেষ হয়?

উত্তর: জেনারেল অনিল চৌহান।

Poly Notes Hub

২৫. ৩১ মে ২০২৬ থেকে ভারতের নৌসেনাপ্রধান কে?

উত্তর: ভাইস অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন।

২৬. আরবিআই ২০২৫-২৬ অর্থবর্ষের জন্য কেন্দ্রীয় সরকারকে কত উদ্বৃত্ত দিতে অনুমোদন করেছে?

উত্তর: ২,৮৬,৫৮৮ কোটি টাকা (প্রায় ২.৮৭ লক্ষ কোটি), যা রেকর্ড।

২৭. ১৪ মে ২০২৬ ভারত কোন পণ্যের রপ্তানি নিষিদ্ধ করে?

উত্তর: চিনি (সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত; ডিজিএফটি-র বিজ্ঞপ্তি)।

২৮. ২০২৬-২৭ মরসুমের জন্য আখের ন্যায্য ও লাভজনক মূল্য (FRP) কত নির্ধারিত হয়েছে?

উত্তর: কুইন্টাল প্রতি ৩৬৫ টাকা।

২৯. মে ২০২৬-এ প্রধানমন্ত্রী মোদি তেলেঙ্গানার কোথায় পিএম মিত্র (PM MITRA) টেক্সটাইল পার্ক উদ্বোধন করেন?

উত্তর: ওয়ারাঙ্গল (খরচ ১,৬৯৫ কোটি টাকার বেশি)।

৩০. পিএম মিত্র (PM MITRA)-এর পূর্ণরূপ কী?

উত্তর: প্রধানমন্ত্রী মেগা ইন্টিগ্রেটেড টেক্সটাইল রিজিয়ন অ্যান্ড অ্যাপারেল পার্ক।

৩১. সিকিম ভারতের কততম 'পূর্ণ সাক্ষর' রাজ্য হিসেবে ঘোষিত হয়েছে?

উত্তর: পঞ্চম।

৩২. সিকিম কোন কর্মসূচির আওতায় পূর্ণ সাক্ষর রাজ্য হয়েছে?

উত্তর: উল্লাস (ULLAS – নব ভারত সাক্ষরতা কার্যক্রম)।

৩৩. সিকিমের আগে কোন চারটি রাজ্য পূর্ণ সাক্ষর ঘোষিত হয়েছিল?

উত্তর: মিজোরাম, গোয়া, ত্রিপুরা ও হিমাচল প্রদেশ।

৩৪. ২৬ মে ২০২৬ নয়াদিল্লিতে ভারত কোন দেশের সঙ্গে গুরুত্বপূর্ণ খনিজ ও রেয়ার আর্থ সহযোগিতা কাঠামো চূড়ান্ত করে?

উত্তর: আমেরিকা (যুক্তরাষ্ট্র)।

৩৫. কোয়াড (Quad) দেশগুলির গুরুত্বপূর্ণ খনিজ উদ্যোগে কত অর্থ সংগ্রহের লক্ষ্য রাখা হয়েছে?

উত্তর: ২০ বিলিয়ন ডলার পর্যন্ত।

৩৬. ২০২৬ সালে BRICS পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক কোথায় ও কবে হয়?

উত্তর: নয়াদিল্লি, ১৪–১৫ মে ২০২৬।

৩৭. ২০২৬ সালে BRICS-এর সভাপতি দেশ কোনটি?

উত্তর: ভারত।

৩৮. মধ্যপ্রাচ্য সংঘাত নিয়ে মতভেদের কারণে BRICS পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে কী প্রকাশ করা যায়নি?

উত্তর: যৌথ বিবৃতি (পরিবর্তে সভাপতির বিবৃতি প্রকাশিত হয়)।

Poly Notes Hub

৪. আন্তর্জাতিক বিষয়

৩৯. মে ২০২৬-এ প্রধানমন্ত্রী মোদি কোন পাঁচটি দেশ সফর করেন?

উত্তর: সংযুক্ত আরব আমিরশাহি, নেদারল্যান্ডস, সুইডেন, নরওয়ে ও ইতালি (১৫–২০ মে)।

৪০. নরওয়ে প্রধানমন্ত্রী মোদিকে কোন সম্মান দিয়েছে?

উত্তর: গ্র্যান্ড ক্রস অফ দ্য রয়্যাল নরওয়েজিয়ান অর্ডার অফ মেরিট (নরওয়ের সর্বোচ্চ বেসামরিক সম্মান)।

৪১. কত বছর পর কোনো ভারতীয় প্রধানমন্ত্রী নরওয়ে সফর করলেন?

উত্তর: ৪৩ বছর।

৪২. সুইডেন প্রধানমন্ত্রী মোদিকে কোন সম্মান দিয়েছে?

উত্তর: রয়্যাল অর্ডার অফ দ্য পোলার স্টার (কমান্ডার গ্র্যান্ড ক্রস)।

৪৩. ইতালির সঙ্গে ভারতের সম্পর্ক কোন স্তরে উন্নীত হয়েছে?

উত্তর: বিশেষ কৌশলগত অংশীদারিত্ব।

৪৪. ইতালিতে প্রধানমন্ত্রী মোদি কোন সংস্থার কোন পদক পান?

উত্তর: এফএও (FAO)-র অ্যাগ্রিকোলা মেডেল।

৪৫. নেদারল্যান্ডসের সঙ্গে ভারতের সম্পর্ক কোন স্তরে উন্নীত হয় এবং কয়টি চুক্তি সই হয়?

উত্তর: কৌশলগত অংশীদারিত্ব; ১৭টি চুক্তি।

৪৬. ২২ মে ২০২৬ স্লোভেনিয়ার প্রধানমন্ত্রী হিসেবে কে নির্বাচিত হন?

উত্তর: ইয়ানেজ ইয়ানশা (চতুর্থবার)।

৪৭. ১৭ মে ২০২৬ ডব্লিউএইচও কোন রোগের প্রাদুর্ভাবকে আন্তর্জাতিক জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করে?

উত্তর: ইবোলা (কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও উগান্ডা)।

৪৮. ৭৯তম বিশ্ব স্বাস্থ্য সমাবেশ (WHA79) কোথায় অনুষ্ঠিত হয়?

উত্তর: জেনেভা (সুইজারল্যান্ড); ২৩ মে ২০২৬-এ শেষ।

৪৯. ২০২৬ সালের এনপিটি (NPT) পর্যালোচনা সম্মেলন (নিউইয়র্ক) কীভাবে শেষ হয়?

উত্তর: চূড়ান্ত নথি ছাড়াই (২২ মে ২০২৬)।

৫০. চীনের শেনঝৌ-২৩ মহাকাশযান কবে উৎক্ষেপণ করা হয়?

উত্তর: ২৪ মে ২০২৬ (জিউকুয়ান উৎক্ষেপণ কেন্দ্র থেকে)।

৫১. শেনঝৌ-২৩ দলে থাকা হংকংয়ের প্রথম নভশ্চর কে?

উত্তর: লাই কা-ইং।

Poly Notes Hub

৫. পুরস্কার ও সংস্কৃতি

৫২. ৭৯তম কান চলচ্চিত্র উৎসবে (২০২৬) 'পাম দ'অর' পুরস্কার জেতে কোন ছবি?
উত্তর: 'Fjord' (পরিচালক ক্রিস্টিয়ান মুঞ্জিউ)।

৫৩. কান চলচ্চিত্র উৎসব ২০২৬-এর জুরি প্রেসিডেন্ট কে ছিলেন?
উত্তর: পার্ক চান-উক।

৫৪. ইউরোভিশন গানের প্রতিযোগিতা ২০২৬ (ভিয়েনা) কোন দেশ জিতেছে?
উত্তর: বুলগেরিয়া (শিল্পী ডারা, গান 'Bangaranga'); এটি তাদের প্রথম জয়।

৫৫. আন্তর্জাতিক বুকার পুরস্কার ২০২৬ কোন বইয়ের জন্য দেওয়া হয়েছে?
উত্তর: 'Taiwan Travelogue' (লেখক ইয়াং শুয়াং-জি, অনুবাদক লিন কিং)।

৬. ক্রীড়া

৫৬. আইপিএল ২০২৬-এর চ্যাম্পিয়ন কোন দল?
উত্তর: রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু (টানা দ্বিতীয় শিরোপা)।

৫৭. আইপিএল ২০২৬-এর ফাইনাল কোথায় এবং কোন দলের বিরুদ্ধে হয়?
উত্তর: নরেন্দ্র মোদি স্টেডিয়াম, আহমেদাবাদ; গুজরাত টাইটান্সের বিরুদ্ধে।

৫৮. আইপিএল ২০২৬-এ অরেঞ্জ ক্যাপ জেতেন কে?
উত্তর: বৈভব সূর্যবংশী (রাজস্থান রয়্যালস; ৭৭৬ রান)।

৫৯. আইপিএল ২০২৬-এ পার্পল ক্যাপ জেতেন কে?
উত্তর: কাগিসো রাবাডা (গুজরাত টাইটান্স; ২৯ উইকেট)।

৬০. উয়েফা চ্যাম্পিয়ন্স লিগ ২০২৬-এর ফাইনাল (বুদাপেস্ট, ৩০ মে) কে জেতে?
উত্তর: প্যারিস সাঁ-জারম্যাঁ (পিএসজি); আর্সেনালকে পেনাল্টি শুটআউটে ৪–৩ গোলে হারিয়ে টানা দ্বিতীয় শিরোপা।

৬১. প্রিমিয়ার লিগ ২০২৫-২৬ মরসুমের চ্যাম্পিয়ন কোন দল?
উত্তর: আর্সেনাল (৮৫ পয়েন্ট)।

৬২. ইতালিয়ান ওপেন ২০২৬ (রোম)-এর পুরুষ একক শিরোপা জেতেন কে?
উত্তর: ইয়ানিক সিনার (ফাইনালে ক্যাসপার রুডকে হারিয়ে); ১৯৭৬ সালের পর প্রথম ইতালিয়ান বিজয়ী।

৬৩. থমাস কাপ ২০২৬ (ডেনমার্ক) জেতে কোন দেশ এবং উবার কাপ জেতে কোন দেশ?
উত্তর: থমাস কাপ: চীন; উবার কাপ: দক্ষিণ কোরিয়া (থমাস কাপে ভারত ব্রোঞ্জ পায়)।

Poly Notes Hub

৭. গুরুত্বপূর্ণ দিবস (মে মাস)

৬৪. বিশ্ব সংবাদপত্র স্বাধীনতা দিবস কবে পালিত হয়?

উত্তর: ৩ মে।

৬৫. রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মতারিখ ইংরেজি ও বাংলা পঞ্জিকা অনুযায়ী কত?

উত্তর: ৭ মে ১৮৬১; ২৫ বৈশাখ ১২৬৮।

৬৬. জাতীয় প্রযুক্তি দিবস কবে এবং কোন ঘটনার স্মরণে পালিত হয়?

উত্তর: ১১ মে; ১৯৯৮ সালের পোখরান-২ পরমাণু পরীক্ষার স্মরণে।

৬৭. আন্তর্জাতিক নার্স দিবস কবে পালিত হয়?

উত্তর: ১২ মে (ফ্লোরেন্স নাইটিঙ্গেলের জন্মদিন)।

৬৮. জাতীয় সন্ত্রাসবিরোধী দিবস কবে পালিত হয়?

উত্তর: ২১ মে (রাজীব গান্ধীর মৃত্যুবার্ষিকী)।

৬৯. আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস কবে পালিত হয়?

উত্তর: ২২ মে।

৭০. বিশ্ব তামাকমুক্ত দিবস কবে পালিত হয়?

উত্তর: ৩১ মে।

Poly Notes Hub